ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ
বাংলাদেশ নৌবাহিনী,
সোনাকান্দা, বন্দর, নারায়ণগঞ্জ

কেবলঃ ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ

দরপত্র (খোলা দরপত্র)

দরপত্র অনুসন্ধান নং ০৬.০২.৬৭৫৮.১৬৫.০৭.১৯৪.২২.১০৪৫

তারিখ ১১ ডিসেম্বর ২০২২ ইং

ডকুমেন্ট বিক্রয় মূল্য টাকাঃ ফ্রি

মেসার্স _____

_____

_____

বিষয়ঃ অত্র প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের ইউনিফর্ম তৈরী করণ প্রসঙ্গে

চুক্তির শর্ত

আমি/আমরা উপরে উল্লেখিত ইউনিফর্ম তৈরীর কাজের জন্য টেন্ডার জমা দিচ্ছি এবং চুক্তি পত্রে উল্লেখিত সকল শর্তাদি মেনে চলার অঙ্গিকার করছি ঃ

১। **দরপত্র জমা দেওয়ার স্থান ঃ** ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, বাংলাদেশ নৌবাহিনী, সোনাকান্দা, বন্দর, নারায়ণগঞ্জ এর প্রধান ফটকে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র জমা করা যেতে পারে। দরপত্র ডাক যোগে পাঠানো যেতে পারে তবে তা অবশ্যই নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে টেন্ডার বক্সে জমা দিতে হবে।

২। **দরপত্র গ্রহনের সময়সীমা ঃ** ১২.১৫ বেলা ১৯ ডিসেম্বর ২০২২ ইং

৩। **দরপত্র খোলার তারিখ এবং সময় ঃ** টেন্ডাওে অংশগ্রহনকারী দরদাতাগণ অথবা তাদের মনোনীত প্রতিনিধি, যদি কেউ উপস্থিত থাকেন, তাদের সম্মুখে ১২.৩০ সময় তারিখে ১৯ ডিসেম্বর ২০২২ ইং তারিখে খোলা হবে।

৪। **দরপত্র সীলিং এবং মার্কিং ঃ**

ক। দরপত্র ইনভেলাপের উপরে সীল মোহর সহ নিম্ন বর্ণিত ঠিকানায় দাখিল করতে হবেঃ

ম্যানেজিং ডাইরেক্টর
ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ
বাংলাদেশ নৌবাহিনী
সোনাকান্দা, বন্দর, নারায়ণগঞ্জ।

খ। টেন্ডারিং ইনভেলাপে টেন্ডার নং, খোলার তারিখ এবং সময়, দরপত্র প্রেরকের পূর্ন নাম, ঠিকানা এবং টেলিফোন নং উল্লেখ করতে হবে যাতে দেরিতে প্রাপ্ত/অগ্রহণযোগ্য দরপত্র প্রেরকের ঠিকানায় ফেরৎ পাঠানো যেতে পারে।

গ। উপর্যুক্ত নিয়মকানুন মেতাবেক দরপত্র ইনভেলাপ প্রেরণ না করলে দরপত্র হারিয়ে যাওয়া বা সময়ের পূর্বে খোলার জন্য ক্রেতা প্রতিষ্ঠান দায়ী থাকবে না।

ঘ। কাজের বিবরণ অনুযায়ী দরের পরিমান কোম্পানীর নিজস্ব প্যাডে উল্লেখ করতে হবে।

৫। **কাজের তদারকি ঃ** সরবরাহকারী প্রতিষ্ঠান ইউনিফর্মসমূহ তৈরির কার্যক্রম চলমান থাকা অবস্থায় দরপত্র আহবানকারী প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তা/ প্রতিনিধি Inline Inspection করার কাজ তদারকি করতে পারবেন। স্বাভাবিক কার্যদিবস চলাকালীন সময়ে বা পূর্বের অনুরোধ সাপেক্ষে যে কোন সময়ে ঠিকাদার স্বয়ং বা তার কোন দায়িত্বশীল প্রতিনিধি, দরপত্র আহবানকারী প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিকট হতে আদেশ এবং নির্দেশ গ্রহণের জন্য বা কাজের হাল নাগাদ তথ্য প্রদানে প্রস্তুত থাকবেন।

৬। **আর্নেষ্টমানি ঃ** সীমিত দরপত্রের অংশগ্রহণের ক্ষেত্রে সম্পূর্ণ মূল্যের শতকরা ৩ ভাগ (৩%) আর্নেষ্টমানি হিসেবে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট **"ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ"** এর নামে দরপত্রের সাথে জমা দিতে হবে (তালিকাভুক্ত ঠিকাদারদের ক্ষেত্রে প্রযোজ্য নহে)।

৭। **প্যারফরম্যান্স গ্যারান্টি ঃ** সফল দরদাতা **ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ** এর নামে মোট মূল্যের উপর ৫% হারে পিজি হিসাবে ব্যাংক ড্রাফট/ ব্যাংক গ্যারান্টি/ পে অর্ডার প্রদান করতে হবে। সফলভাবে কার্য সমাপ্তির পর পিজি হিসাবে জমাকৃত টাকা ফেরৎ দেওয়া হবে এবং এই জামানত টাকার উপর কোন সুদ দেওয়া হবে না। তবে সফলভাবে কাজ সম্পন্ন করতে না পারলে জমাকৃত পিজি বিধি মোতাবেক কর্তন করা হবে।

৮। **কাজ শুরু এবং শেষ করার সময় ঃ** কার্যাদেশ প্রাপ্তি সাপেক্ষে নমুনা মোতাবেক ইউনিফর্ম তৈরির কাজ ০৩ (তিন) দিনের মধ্যে শুরু করতে হবে এবং ৬০ (ষাট) দিনের মধ্যে কাজ শেষ করতে হবে। ঠিকাদার/সরবরাহকারী কার্যাদেশের নির্ধারিত সময়ের মধ্যে নমুনা মোতাবেক ইউনিফর্ম তৈরী পূর্বক সরবরাহ করতে না পারলে বিলম্বের কারনে প্রতি সপ্তাহের বা অংশ বিশেষ এর জন্য ০.৫% হারে এলডি কর্তন করা হবে। ঠিকাদার/সরবরাহকারী যদি কাজের সন্তোষজনক অগ্রগতি না দেখাতে পারে তাহলে ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ কর্তৃপক্ষ আংশিক বা সম্পূর্ণ কার্যাদেশ বাতিল করতে এবং জামানতের টাকা বাজেয়াপ্তসহ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। এ ক্ষেত্রে ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ কর্তৃপক্ষ কর্তৃক ঠিকাদার/সরবরাহকারীর ক্ষতির কোন রকম দাবি গ্রাহ্য করা হবে না।

৯। **সময় বাড়ানো ঃ** ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ নারায়ণগঞ্জ কর্তৃপক্ষ ঠিকাদারের নিকট থেকে কাজের সময় বাড়ানোর জন্য সংগত কারণসহ লিখিত আবেদন পাইলে অথবা কোন অনিবার্য কারণ বসত যেমনঃ কাজের পরিমান বাড়ানো কাজের মধ্যে কোন পরিবর্তন অথবা কোন প্রাকৃতিক বা রাজনৈতিক ইত্যাদি কারণে নিজেদের বিবেচনা অনুসারে কাজ শেষ করার সময়সীমা বাড়াতে পারবেন।

১০। **পেমেন্ট পদ্ধতি ঃ** সরবরাহকৃত ইউনিফর্মের গুনাগুন পরীক্ষান্তে এমআরআর প্রাপ্তি স্বাপেক্ষে সরবরাহ চালান ও ফেরত প্রদানকৃত কাপড়ের হিসাবসহ লেটার হেড প্যাডে ব্যাংক একাউন্ট বিবরণ উল্লেখ পূর্বক ০৩ (তিন) কপি বিল পেশ করার পর চেকের মাধ্যমে সরকারি নিয়মানুযায়ী ভ্যাট ও ট্যাক্স কর্তন সাপেক্ষে বিল পরিশোধ করা হবে। আংশিক সরবরাহ ও আংশিক বিল পরিশোধ যোগ্য নয়।

১১। **ক্ষতি বা দূর্ঘটনার জন্য খেসারত ঃ** ইউনিফর্ম ও সারকোট মালামালসমূহ সরবরাহ পূর্বক তৈরির কাজ করার সময় যদি ঠিকাদার/সরবরাহকারীর নিজের, কর্মচারী বা শ্রমিকের কোন রকম দূর্ঘটনা ঘটে তার জন্য ঠিকাদার/সরবরাহকারী সম্পূর্ণ দায়ী থাকবেন। এ সমস্ত দূর্ঘটনাজনিত খেসারত, প্রচলিত আইনানুসারে ক্ষতিগ্রস্থ দাবিদারের প্রাপ্য তা ঠিকাদার/সরবরাহকারীকে পরিশোধ করতে হবে। ইউনিফর্ম তৈরির কাজ চলাকালে কাজের কারণে কোন দূর্ঘটনা ঘটলে তার সর্ম্পূন দায়িত্ব ঠিকাদারের উপর বর্তাবে। এছাড়া ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ কর্তৃপক্ষ এর বা কোন তৃতীয় ব্যক্তির কোন মালামাল খোয়া/হারানো গেলে সেই ধরনের ক্ষতির পরিমান এবং দায়ী ব্যক্তি তদন্ত সাপেক্ষে ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ কর্তৃপক্ষ বা কোন আদালত দ্বারা নির্ধারিত হবে। উল্লেখিত ক্ষতির জন্য ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ অথবা আদালত কর্তৃক সরবরাহকারী/ঠিকাদারকে দায়ী করা হলে সরবরাহকারী/ঠিকাদার ক্ষতি পূরণের সমস্ত দায়দায়িত্ব গ্রহণ করবেন এবং ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ কর্তৃপক্ষকে সর্ম্পন্ন দায়মুক্ত রাখবেন।

১২। অত্র প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত দরপত্রের ভিত্তিতে কার্যাদেশ প্রদান করা হলে কার্যাদেশে উল্লেখিত দর বৃদ্ধির দাবি গ্রহণযোগ্য হবে না এবং ঠিকাদার/সরবরাহকারী তার প্রস্তাবিত দরের উপর ভিত্তি করে প্রদত্ত কার্যাদেশের অধীনে সমস্ত কাজ শেষ করবেন।

১৩। ঠিকাদার/সরবরাহকারীর কার্যস্থল পরিদর্শন পূর্বক সকল প্রকার ভ্যাট এবং কর প্রাথমিক খরচসহ পূর্ণাঙ্গ টেন্ডার দর দাখিল করতে হবে।

১৪। ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক প্রেরিত দরপত্র সংশ্লিষ্ট সকল নথির প্রতি পৃষ্ঠায় অবশ্যই স্বাক্ষর করবেন।

১৫। কাজ সম্পন্ন করার পর মোট টাকার উপর প্রচলিত আইনানুসারে মুসক এবং Advance Income Tax (AIT) কর্তন করা হবে।

আমি/আমরা উপরে উল্লেখিত চুক্তির যাবতীয় শর্তাবলী মেনে স্বাক্ষর করলাম।

এ টি এম রেজাউল হাসান
কমান্ডার বিএন
ডিজিএম (এডমিন)

দরদাতার স্বাক্ষর ও সীল
পূর্ণ ঠিকানা

ফোন নং----------
তারিখ----------

অত্র প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের ইউনিফর্ম তৈরী করার কাজের বিবরণঃ

ক। ভান্ডার চাহিদাপত্র নং- ১১৫৪২ তারিখ ০৯ নভেম্বর ২০২২।

ক্রঃ নং	কাজের বিবরণ	একক	পরিমান	একক মূল্য	মোট মূল্য
০১	শার্ট ও প্যান্ট (কর্মকতা, কর্মচারী ও শ্রমিকদের দেহের মাপ গ্রহণ করতঃ নমুনা মোতাবেক ইউনিফর্ম তৈরী করতে হবে)	সেট	১৬২২		
০২	শার্ট, প্যান্ট (হাবিলদার, নিরাপত্তা প্রহরী ও ফায়ারম্যানদের দেহের মাপ গ্রহণ করতঃ নমুনা মোতাবেক ইউনিফর্ম তৈরী করতে হবে)	সেট	৯৬		
	ক্যাপ	টি	৪৮		
০৩	ফায়ার সারকোট নমুনা মোতাবেক তৈরী করতে হবে	টি	০৮		
০৪	এ্যাপ্রণ মহিলা কর্মচারী ও শ্রমিকদের নমুনা মোতাবেক তৈরী করতে হবে	টি	১০		
			ভ্যাট ও ট্যাক্সসহ সর্বমোট টাকা		

কথায়ঃ

শর্তাবলীঃ

ক। ইউনিফর্ম তৈরীর প্রয়োজনীয় সেলাই করার মজুরি আলাদাভাবে নিজস্ব লেডার হেড প্যাডে উল্লেখ করা যাবে।

খ। শার্টের নীচ প্রান্তে ২পার্শ্বে ইলাষ্টিক সংযুক্ত করতঃ তৈরী করতে হবে।

গ। প্যান্টের পিছনে উভয় পার্শ্বে পকেট থাকতে হবে।

গ। প্যান্টের ডান পার্শ্বে ০১টি পকেট ঢাকনা ও বেলকোসহ থাকতে হবে।

ঘ। তৈরীকৃত ইউনিফর্মে ১ম শ্রেনীর কর্মকর্তাদের নাম, ব্লাড গ্রুপ ও পদবি বেলকো সিস্টেমে সোনালী রং এর হবে এবং ২য় শ্রেনীর কর্মরত, কর্মচারী ও শ্রমিকদের নাম, ব্লাড গ্রুপ ও পদবি সাদা রং এর এমব্রয়ডারি সহ সরবরাহ করতে হবে (নমুনা মোতাবেক)।

ঙ। কর্মকর্তা কর্মচারী ও শ্রমিকদের ইউনিফর্মে দুই বাহুতে এবং পিঠে এ্যাস কালারের রিফ্লেক্টিং স্টিপ সংযুক্ত করতে হবে এবং বাম বাহুতে কলম রাখার পকেট সংযুক্ত করতে হবে (নমুনা মোতাবেক)।

চ। কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের ইউনিফর্মে নমুনা মোতাবেক এমব্রয়ডারি করা লোগো প্রতিষ্ঠানের নাম ও ওয়েব সাইট এ্যাড্রেস হিট সিল এর মাধ্যমে সংযুক্ত করতে হবে।

ছ। সংযুক্ত নামের তালিকায় উল্লেখিত পরিমাপ অনুযায়ী ইউনিফর্ম সরবরাহ করতে হবে।

জ। ইউনিফর্ম তৈরীর পরিমান/ সংখ্যা প্রতিষ্ঠানের প্রয়োজন সাপেক্ষে কম বা বেশী হতে পারে।

ঝ। বোতামের মধ্যে ইংরেজিতে DEW LTD BANGLADESH NAVY কথাটি উল্লেখ থাকতে হবে।

ঞ। সিডিউলের শর্ত মোতাবেক কার্যাদেশের মোট মূল্যের উপর ৫% পিজি প্রদান করতে হবে। যা কার্য শেষে ফেরত প্রদান করা হবে।

ট। ইউনিফর্ম তৈরীতে মোট কতটুকু কাপড় ব্যবহার করা হয়েছে তা উল্লেখ করতঃ চালান প্রদান করতে হবে। অবশিষ্ট কাপড় কার্যশেষে হিসাবান্তে প্রধান ভান্ডারে ফেরত দিতে হবে। যা রিসিভসহ বিল দাখিল করতে হবে।

ঠ। আংশিক সরবরাহ ও আংশিক বিল পরিশোধ যোগ্য নয়।

ড। সরবরাহকৃত ইউনিফর্মের গুনাগুন পরীক্ষান্তে এমআরআর প্রাপ্তি স্বাপেক্ষে সরবরাহ চালান ও ফেরত প্রদানকৃত কাপড়ের হিসাবসহ লেটার হেড প্যাডে ব্যাংক একাউন্ট বিবরণ উল্লেখ পূর্বক ০৩ (তিন) কপি বিল পেশ করার পর চেকের মাধ্যমে সরকারি নিয়মানুযায়ী ভ্যাট ও ট্যাক্স কর্তন সাপেক্ষে বিল পরিশোধ করা হবে।

ঢ। ইউনিফর্ম তৈরী পূর্বক ৬০ (ষাট) দিনের মধ্যে সরবরাহ করতে হবে।

দরপত্র কমিটির স্বাক্ষর

বাণিজ্যিক শাখা | হিসাব রক্ষণ শাখা | ব্যবহারকারী

আমরা সমস্ত শর্তাবলী মানিয়া নিলাম।

ঠিকাদারের সাক্ষর
ভ্যাট নিবন্ধন নং-
এরিয়া কোড নং-
টিআইএন নং-